

তথ্য ও সম্প্রচারমন্ত্রীর দপ্তর  
ঢাকা

প্রেস রিলিজ

**সাবেক প্রতিমন্ত্রী মুক্তিযোদ্ধা জিন্নাতুল্নেসা তালুকদার ও সাংবাদিক রফিক ভূঁইয়ার মৃত্যুতে তথ্যমন্ত্রীর শোক**

ঢাকা, ২৯ অক্টোবর ২০২৩:

সাবেক প্রতিমন্ত্রী ও একাত্তরের মুক্তিযুদ্ধের বীর সেনানী রাজশাহীর জিন্নাতুল্নেসা তালুকদার এবং প্রবীণ সাংবাদিক রফিক ভূঁইয়ার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ।

রোববার সকালে জিন্নাতুল্নেসা ও অপরাহ্নে রফিক ভূঁইয়া রাজধানীর দু'টি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকালের সংবাদে শোকাহত তথ্য ও সম্প্রচারমন্ত্রী প্রয়াতদের বিদেহী আত্মার শান্তি কামনা করেন।

ড. হাছান মাহমুদ তার শোকবার্তায় প্রয়াত প্রতিমন্ত্রী ও সাংবাদিকের কর্মময় জীবনের কথা স্মরণ করেন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

স্বাক্ষরিত/-

মীর আকরাম উদ্দীন আহম্মদ

পরিচালক-জনসংযোগ

[nijhum77@yahoo.com](mailto:nijhum77@yahoo.com)

+৮৮ ০১৭৬৩-৭৭০২০৭



